

💵 রূহ সম্পর্কিত সংক্ষিপ্ত মাসআলাসমূহ

বিভাগ/অধ্যায়ঃ রহ সম্পর্কে বিভিন্ন গুরুত্বপূর্ণ মাস'আলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

নবম মাসআলা: কী কী কারণে কবরবাসীরা 'আযাব ভোগ করবে?

উত্তর: এ মাসআলার উত্তর সংক্ষিপ্ত ও বিস্তারিত দু'ভাবে দেওয়া যায়:

সংক্ষেপে বললে, আল্লাহকে না চেনা, তাঁর আদেশ অমান্য করা এবং গুনাহের কাজে লিপ্ত হওয়া কবরের 'আযাবের অন্যতম কারণ।

বিস্তারিতভাবে বলতে গেলে বলা যায়, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত লোকদের সম্পর্কে কবরের 'আযাব ভোগের কথা বলেছেন। তাদের মধ্যে অন্যতম হলো:

- ১- কুৎসাকারী, পরনিন্দুক।
- ২- যে ব্যক্তি পেশাব করা থেকে উত্তমরূপে পবিত্র হয় না।
- ৩- মিথ্যক।
- ৪- যিনাকারী।
- ৫- সুদখোর।
- এ ছাড়াও অনেকের কথা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেছেন। আল্লাহ্ আমাদেরকে কবরের 'আযাব থেকে রক্ষা করুন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5823

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন